



# ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি

(ISO 9001:2015 Certified)

দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া।



ফোন নং- ০৮৫১-৫৭৫০০

ই মেইল bbariapbs@yahoo.com

স্মারক নং-২৭.১২.১২১৩.৫৫২.০১.০৩৮.২৩. ৪৪৯২

তারিখঃ ২১ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ  
০৫ সেপ্টেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে ডট ম্যাট্রিক্স প্রিন্টারের হেড ক্রয় করণের জন্য দরপত্র বিজ্ঞপ্তি।**

অত্র পবিসের নিজস্ব তহবিলের আওতায় নিম্নবর্ণিত বিবরণ ও শর্তসাপেক্ষে ডট ম্যাট্রিক্স প্রিন্টারের হেড ক্রয় করণের জন্য কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতির মাধ্যমে বাংলাদেশী প্রকৃত প্রস্তুতকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত কোটেশন/ দরপত্র আহবান করা যাচ্ছেঃ

ক্রঃ নং	দরপত্র নং	বিবরণ	পরিমাণ	একক দর (টাকা)	মোট দর (টাকা)
০১।	১০/২০২৩-২৪	Epson LQ-2190 Dot Printer Head (original), Made in Japan/Indonesia. Printer head Life : Approx. 400 million strokes/wire (প্রতিটি হেডের QR Code থাকতে হবে)	২০টি		

### শর্তাবলীঃ-

- আগ্রহী দরদাতাকে আগামী ১৩/০৯/২০২৩ খ্রিঃ তারিখ বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ(পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা, খ) ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি, দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া এর সদর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহণ করা হবে না।
- দরপত্র সমূহ ঐদিনই অর্থাৎ ১৩/০৯/২০২৩ খ্রিঃ তারিখ বেলা ১২.০৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতা/প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- দরদাতাগণকে অবশ্যই সীলগালা করে খামের উপরের অংশে সুস্পষ্টভাবে “ডট ম্যাট্রিক্স প্রিন্টারের হেড ক্রয়ের দরপত্র” শব্দটি লিখতে হবে।
- কোটেসনে অংশ গ্রহণকারী সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সমূহের কোটেসনের সহিত হালনাগাদ চলতি ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী, ভ্যাট ও আয়কর সনদপত্রের সত্যায়িত ফটোকপি জমা প্রদান করতে হবে।
- সফল দরদাতা প্রতিষ্ঠানকে কার্যাদেশ ইস্যুর ০৭(সাত) দিনের মধ্যে ডট ম্যাট্রিক্স প্রিন্টারের হেড নিজ খরচে অত্র সমিতির সদর দপ্তরে উপস্থিত হয়ে সম্পন্ন করতে হবে।
- প্রিন্টার হেডের বডিতে অবশ্যই QR Code প্রিন্টেড থাকতে হবে এবং প্রিন্টার হেডের base এ (অর্থাৎ স্ক্রু লাগানোর স্থানে) ফিঞ্জার প্রিন্ট প্যাটার্ন সম্বলিত হবে। অন্যথায় নিজ খরচে সরবরাহকৃত সকল মালামাল ফেরত নিতে হবে।
- সরবরাহকৃত হেডের ০৬ (ছয়) মাসের ওয়ারেন্টি প্রদান করতে হবে। ওয়ারেন্টি পিরিয়ডে কোন হেড নষ্ট হলে নিজ ব্যয়ে তা পরিবর্তন করে দিতে হবে এবং হেডের ত্রুটির কারণে যদি প্রিন্টারের মাদারবোর্ড নষ্ট হয় তবে কার্যাদেশ প্রাপ্ত দরদাতা কর্তৃক প্রিন্টারের নতুন অরিজিনাল মাদারবোর্ড সরবরাহ করতে হবে।
- অরিজিনাল হেড ক্রয়ের প্রমানক হিসেবে আমদানিকারক প্রতিষ্ঠান Flora Ltd/Excel এর চালান কপি দরদাতা প্রতিষ্ঠানের চালান ও বিলের কপি সংযুক্ত করতে হবে।
- নির্ধারিত সময়ের মধ্যে মালামাল সরবরাহে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য চুক্তি মূল্যের ১% এর  $\frac{১}{১০}$  অংশ হিসেবে সরবরাহকৃত মালামালের মূল্য হতে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তন যোগ্য জরিমানা মোট চুক্তি মূল্যের ১০% এর অধিক হবে না।
- সরবরাহকারীগণকে অত্র পবিস কর্তৃক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের বিল হতে সরকারী নিয়ম অনুসারে ভ্যাট, আয়কর কর্তন করা হবে।
- যে কোন কোটেসন আংশিক বা সকল কোটেসন গ্রহণ/বাতিল করার ক্ষমতা অত্র পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- দরপত্রে উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্ট অক্ষরে এবং কথায় লিখতে হবে। কোনরূপ কাটাকাটি বা ঘষামাজা গ্রহণযোগ্য হবেনা।
- উল্লিখিত শর্তাবলী ব্যতীত অন্য কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে সেই ক্ষেত্রে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ আখতার হোসেন) ০৫.৭.২৩

সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ- (বহল প্রচারের নিমিত্তে আপনার নোটিশ বোর্ডে টানানোর অনুরোধ সহ)

- পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি এর দপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হল)।
- জেলা প্রশাসক/পুলিশ সুপার ব্রাহ্মণবাড়িয়া।
- নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, ব্রাহ্মণবাড়িয়া।
- নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ/এলজিইডি, ব্রাহ্মণবাড়িয়া।
- সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ..... পবিস-১/২/৩/৪।
- উপজেলা নির্বাহী অফিসার, ব্রাহ্মণবাড়িয়া সদর।
- ডিজিএম, কসবা সদর জোনাল অফিস/সহঃ প্রকৌশলী, বাপবিবোর্ড, ব্রাহ্মণবাড়িয়া/এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম), ব্রাহ্মণবাড়িয়া পবিস।
- মেসার্স .....
- নোটিশ বোর্ড/ওয়েবসাইট/অফিস/মাস্টার কপি।

০৫/০৭/২৩

(মোঃ আবদুল জলিল শিকদার)

এজিএম (প্রশাসন) অঃ দাঃ